



## জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা

জবি/প্রশা-১৩/২০০৮/১৮০৯

তারিখ : ২৬ জুলাই, ২০১৮

### পরিচালক (পরিকল্পনা, উন্নয়ন ও ওয়ার্কস) পদে নিয়োগ বিজ্ঞপ্তি

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের নিম্নবর্ণিত কর্মকর্তার শূন্যপদ পূরণের লক্ষ্যে যোগ্যতাসম্পন্ন বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নির্ধারিত ফরমে (বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট [www.jnu.ac.bd](http://www.jnu.ac.bd) হতে সংগ্রহ করা যাবে) আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে :

পদের নাম ও বেতন স্কেল (জাগবেসকেঃ-২০১৫)	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
পরিচালক (পরিকল্পনা, উন্নয়ন ও ওয়ার্কস) ঢাকা ৫৬,৫০০-৭৪,৪০০/- পদসংখ্যা : ১(এক) টি	ক) যে কোন পাবলিক বিশ্ববিদ্যালয় থেকে ন্যূনতম দ্বিতীয় শ্রেণী/সমমানের সিজিপিএসহ বি.এসসি ইঞ্জিনিয়ারিং (সিভিল) ডিগ্রী থাকতে হবে। খ) শিক্ষা জীবনে ন্যূনতম একটি ১ম বিভাগ/শ্রেণী থাকতে হবে এবং কোন স্তরেই ৩য় বিভাগ/শ্রেণী/সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য নয়। গ) সরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট ক্ষেত্রে প্রথম শ্রেণীর কর্মকর্তা পদে কমপক্ষে ১৮ (আঠার) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। তন্মধ্যে অতিরিক্ত পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)/সমমানের পদে ৫০০০০-৭১২০০/- (জাতীয় বেতন স্কেল-২০১৫) বেতনক্রমে ০২ (দুই) বছরের অভিজ্ঞতাসহ ৪৩০০০-৬৯৮৫০/- (জাতীয় বেতন স্কেল-২০১৫) বেতনক্রমে উপ-পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)/সমমানের পদে কমপক্ষে ০৬ (ছয়) বছরের চাকুরীর অভিজ্ঞতা থাকতে হবে। অথবা ৪৩০০০-৬৯৮৫০/- (জাতীয় বেতন স্কেল-২০১৫) বেতনক্রমে উপ-পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)/সমমানের পদে কমপক্ষে ০৮ (আট) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। ঘ) পাবলিক বিশ্ববিদ্যালয় বা শিক্ষা সংক্রান্ত প্রতিষ্ঠানে পরিকল্পনা ও উন্নয়ন কাজে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া যেতে পারে। ঙ) বয়স সর্বোচ্চ ৫৫ বছর।

#### সাধারণ শর্তাবলী :

- বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট [www.jnu.ac.bd](http://www.jnu.ac.bd) হতে আগামী ১৪/০৮/২০১৮ তারিখের মধ্যে নির্ধারিত আবেদন ফরম (২টি পৃথক ফরম) সংগ্রহ করতে হবে এবং একই তারিখের মধ্যে (সাপ্তাহিক ও সরকারি ছুটির দিন ব্যতীত অফিস চলাকালীন সময় সকাল ৮.০০টা হতে বিকাল ৪.০০টা পর্যন্ত) আবেদনপত্র নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে (ডাকযোগে/কুরিয়ার সার্ভিস-এর মাধ্যমে/সরাসরি) পৌঁছাতে হবে।
- নিয়োগের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের বিধি-বিধান প্রতিপালিত হবে। বাছাই বোর্ডের সদস্যদের সাথে ব্যক্তিগত যোগাযোগ প্রার্থীর অযোগ্যতা বলে গণ্য হবে।
- শিক্ষাগত যোগ্যতার সনদ, প্রশিক্ষণ ও অভিজ্ঞতা সংক্রান্ত সনদপত্র, জাতীয় পরিচয় পত্র-এর সত্যায়িত প্রতিলিপি এবং সদ্য তোলা পাসপোর্ট আকারের ৩(তিন) কপি সত্যায়িত ছবি সম্বলিত ০৮(আট) সেট আবেদনপত্র দাখিল করতে হবে।
- আবেদনপত্রের সাথে 'ট্রেজারার, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা' শিরোনামে অগ্রণী ব্যাংক লিঃ, জগন্নাথ বিশ্ববিদ্যালয় শাখা, ঢাকা-এর অনুকূলে ৬০০.০০ (ছয়শত) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট দাখিল করতে হবে।
- চাকুরীরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদনপত্র প্রেরণ করতে হবে।

(প্রকৌশলী মোঃ ওহিদুজ্জামান)  
রেজিস্ট্রার